# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 07.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর কান্ডে সুবিচারের দাবিতে আজও পথে নেমেছেন সমাজের সর্বস্তরের মানুষ।
রাজভবন অভিযানে গিয়ে ডেপুটেশন জমা দিয়েছেন চিকিৎসকরা।
আগামীকালও একাধিক কর্মসূচীর ঘোষণা।

২) নানা অভিযোগের প্রেক্ষিতে সিবিআই হেফাজতে থাকা সন্দীপ ঘোষকে শোকজ করেছে রাজ্য মেডিকেল কাউন্সিল।

বিজেপি আর জি কর-এর ঘটনা ও সরকারী হাসপাতালগুলিতে দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছে।

৩) দার্জিলিং-এর মাটিগাড়ায় স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্তের মৃত্যুদন্ডের সাজা দিয়েছে আদালত।

৪) রাজ্য সরকার সিভিক ভলান্টিয়ারদের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে।

৫) বঙ্গোপোসাগরে সৃষ্ট নিম্নচাপটি আরও শক্তিশালী হওয়ার সম্ভাবনা। সোমবার থেকে ভারী বৃষ্টি হতে পারে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে।

oooooooooooooooooooo

আর জি কর কান্ডে সুবিচারের দাবিতে আজও পথে নেমেছেন সমাজের সর্বস্তরের মানুষ। চিকিৎসকদের নিরাপত্তা দিতে রাজ্য সরকারের ব্যর্থতা এবং ঘটনার দ্রুত কিনারা করতে সিবিআই-এর দীর্ঘ সূত্রতার অভিযোগে চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মীরা আজ রাজভবন অভিযান করেন। নীলরতন সরকার মেডিকেল কলেজ থেকে মিছিল করে  তারা ধর্মতলা পৌঁছন।

মেডিকেল সার্ভিস সেন্টারের ডাকে এতে যোগ দেন।  বহু প্রবীণ চিকিৎসক ও সাধারণ মানুষ।

মিছিলকে কেন্দ্র করে, বিশৃঙ্খলার আশঙ্কায় রানি রাসমনি অ্যাভিনিউতে ব্যারিকেড করেছে পুলিশ। চার চিকিৎসক এবং একজন নার্স-এর প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের কাছে ডেপুটেশন জমা দিতে যান। তবে, রাজ্যপালের সঙ্গে তাঁদের সাক্ষাৎ হয়নি ।

এদিকে, আজ সাংবাদিক বৈঠক করে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরা, মেডিকেল কলেজগুলিতে ভয়ের পরিবেশ থেকে মুক্তির পক্ষে সওয়াল করেন।

(বাইট – ডাক্তার)

বেলদায় চিকিৎসকরা মুখে কালো কাপড় বেঁধে মৌন মিছিলে সামিল হন।

বিশ্ব হিন্দু পরিষদের দুর্গা বাহিনী আজ শ্যামবাজার পাঁচমাথার মোড় থেকে ওয়েলিংটন পর্যন্ত মিছিল করে।

সারা ভারত কীর্তন, বাউল ও ভক্তিগীতি শিল্প সংসদের পক্ষ থেকে ধর্মতলা অভিযানের ডাক দেওয়া হয়। হাওড়া স্টেশন থেকে শুরু হয়ে ধর্মতলায় গান্ধী মূর্তির পাদদেশে এসে মিছিল শেষ হয়।

আসানসোলের মহিশীলা কলোনীতে প্রতিবাদে সামিল হন প্রবীণ নাগরিকরা।

oooooooooooooooooooo

এদিকে, হাইকোর্টের অনুমতি নিয়ে হাওড়ার আমতার মৃত ছাত্র নেতা আনিসের বাবা সালেম খান শ্যামবাজারে আজ থেকে ধর্নায় বসেছেন। আর জি কর কান্ডের প্রতিবাদে ধর্নায় বসার জন্য তাঁর আবেদন মঞ্জুর করে বিচারপতি রাজর্ষী ভরদ্বাজের বেঞ্চ জানিয়েছেন, দুপুর ২-টো থেকে রাত ৯-টা পর্যন্ত ধর্নায় বসা যাবে।

অন্যদিকে, রাজনৈতিক দলগুলির তরফেও প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। বিজেপি আগামী **১৬** তারিখ পর্যন্ত ধর্মতলায় ধর্নার পাশাপাশি প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পথসভা করবে।

দোষীদের দ্রুত শাস্তি এবং পুলিশ কমিশনারের অপসারণের দাবিতে সিপিআইএম আগামী সোমবার লালবাজার চলো অভিযানের ডাক দিয়েছে। বিকেল তিন-টেয় ধর্মতলায় লেনিন মূর্তির সামনে থেকে জমায়েত করে মিছিল এগিয়ে যাবে লালবাজারের দিকে।

oooooooooooooooooooo

আগামীকাল বিকাল ৩-টে নীলরতন সরকার মেডিকেল কলেজ থেকে ধর্মতলা পর্যন্ত মহা মিছিলের ডাক দিয়েছে জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টরস, ওয়েস্ট বেঙ্গল।

কুমোরটুলির মৃৎশিল্পী, দক্ষিণ কলকাতার বিভিন্ন স্কুলের প্রাক্তনীরা, আগামীকাল পথে নামছেন।

অভয়ার বিচারের দাবিতে রবিবার সারা বিশ্বের একশো টি শহরেও প্রতিবাদ কর্মসূচী পালিত হবে। স্থানীয় সময় বিকেল পাঁচটায় বিশ্ব জুড়ে উঠেছে ঝড়, জাস্টিস ফর আর জি কর শীর্ষক এই কর্মসূচীতে অংশ নেবেন মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন,

আয়ারল্যান্ড, কানাডা, জাম্বিয়া, দক্ষিণ আফ্রিকা, জামার্নী, অস্ট্রেলিয়া সহ বিভিন্ন দেশে বসবাসকারীরা।

আগামীকাল দক্ষিণবঙ্গে আবারও রাত দখল এবং উত্তরবঙ্গে ৯ তারিখ সোমবার ভোর দখল কর্মসূচীর ডাক দিয়েছেন বিশিষ্ট জনেরা।

আগামীকাল বিকেল ৪ টেয় হেদুয়া থেকে কলেজ স্ট্রীট পর্যন্ত মিছিলে অংশ নেবেন রিক্সা শ্রমিকরা।

oooooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সিবিআই হেফাজতে থাকে সন্দীপ ঘোষের বিরুদ্ধে ওঠা নানা অভিযোগের প্রেক্ষিতে রাজ্য মেডিকেল কাউন্সিল তাকে শোকজ করেছে। তার রেজিস্ট্রেশন কেন বাতিল করা হবে না বে বিষয়ে ৭২ ঘণ্টার মধ্যে সন্দীপকে কারণ দর্শাতে বলা হয়েছে, ব্যাখ্যা সন্তোষজনক না হলে তার রেজিস্ট্রেশন বাতিল করা হতে পারে। এর আগে রাজ্য স্বাস্থ্য দফতর তাকে সাসপেন্ড করে। গত ২৮-শে আগস্ট ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন থেকেও তাঁকে সাসপেন্ড করা হয়।

oooooooooooooooooooooooo

বিজেপি আরজিকরের ঘটনা এবং রাজ্যের সরকারী হাসপাতালগুলিতে দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে  কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছে। পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো আজ কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডাকে লেখা চিঠিতে জানিয়েছেন, রাজ্যের সরকারি হাসপাতালগুলি রাজনৈতিক কার্যকলাপ এবং দুর্নীতির কেন্দ্রে পরিণত হয়েছে। শ্রী মাহাতো অভিযোগ করেন, আদালতের নির্দেশে তদন্ত চলার সময় শাসকদলের নেতা ও মন্ত্রীরা তদন্তের থেকে নিজেদের বাঁচাতে এসএসকেএম-এর মত বিভিন্ন সরকারি হাসপাতালে ভর্তি হয়। এর ফলে তদন্ত ও

হাসপাতালের চিকিৎসা পরিষেবা ব্যাহত হয়। অবিলম্বে এবিষয়ে সঠিক তদন্ত এবং স্বাস্থ্য দপ্তরের দুর্নীতির বিষয়ে হস্তক্ষেপ করার জন্য শ্রী মাহাতো কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন। এদিকে এক সাংবাদিক সম্মেলনে বিজেপির রাজ্য সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন-

বাইট

আর জি কর ঘটনায় রাজ্য সরকারের তীব্র সমালোচনা করেছেন বর্ষীয়ান কংগ্রেস নেতা অধীর চৌধুরী। আজ তিনি বলেন,  বাংলা জুড়ে দুর্নীতির স্বর্গরাজ্য তৈরি হয়েছে।

(বাইট)

oooooooooooooooooo

কলকাতার এস এস কে এম ও আর জি কর হাসপাতালের সামনে পুরসভার পক্ষ থেকে হেল্প ডেস্ক বসানোর বিরুদ্ধে আন্দোলনরত ডাক্তারদের তীব্র আপত্তির পর সেগুলি বন্ধ রাখা হচ্ছে বলে পুর ও নগরোন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। হাসপাতালের চিকিৎসা পরিষেবা নিয়ে বিরূপ ধারণা তৈরির জন্যই এই ধরনের হেল্প ডেস্ক বসানো হয়েছে বলে ডাক্তারদের তরফে অভিযোগ করা হয়েছে। মেয়র বলেন, অসুস্থ মানুষ চিকিৎসার অভাবে যাতে মারা না যায় তা নিশ্চিত করতে এই হেল্প ডেস্ক বসানো হয়েছিল। হাসপাতালের ডাক্তাররা যদি দায়িত্ব নিয়ে চিকিৎসা পরিষেবা দেন, তাহলে কোন সমস্যা নেই বলে ফিরহাদ হাকিম জানান।

(বাইট – ফিরহাদ)

oooooooooooooooooooooooo

দার্জিলিং-এর মাটিগাড়ায় স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্ত মহম্মদ আব্বাসকে মৃত্যুদন্ডের সাজা দিয়েছে শিলিগুড়ি আদালত। অতিরিক্ত নগর দায়রা বিচারক অনিত মেহেত্রা মাথুর এই সাজা ঘোষণা করেন। ২০২৩ সালের ২১-শে আগস্ট মাটিগাড়ায় জঙ্গলের ভেতর একটি পরিতক্ত ঘর থেকে একাদশ শ্রেণীর ছাত্রীর দেহ উদ্ধার হয়। ধর্ষণের পর মহম্মদ আব্বাস তাঁকে খুন করে। সমস্ত সাক্ষ্য প্রমাণ খতিয়ে দেখে তাঁকে দোষী সাব্যস্ত করে আদালত। সরকারী আইনজীবী জানিয়েছেন, ঘটনার এক বছর ১৪ দিনের মাথায় এই মামলার নিষ্পত্তি হলো।

এদিকে, হুগলীর হরিপালে এক নাবালিকাকে অপহরণ করে যৌন নির্যাতনের প্রতিবাদে আজ হরিপাল থানা ও আদালতের সামনে তুমুল বিক্ষোভ দেখান এস এফ আই- ডি ওয়াই এফ আই-এর কর্মী সমর্থকরা। জানা গেছে, গত সন্ধ্যায় বিডিও অফিস সংলগ্ন গোপীনগর এলাকা থেকে তাকে একটি গাড়িতে তুলে নিয়ে যাওয়া হয়। পরে বিবস্ত্র ও অচৈতন্য অবস্থায় স্থানীয় বাসিন্দারা নাবালিকাকে উদ্ধার করেন। পকসো আইনে মামলা রুজু করা হয়েছে। তবে,  ধর্ষণের কোন ঘটনা এক্ষেত্রে ঘটেনি বলে হুগলী গ্রামীণ পুলিশ সুপার কামোনাশিষ সেন জানিয়েছেন।

এদিকে, নির্যাতিতা নাবালিকার আজ গোপন জবানবন্দি নেওয়া হয়েছে।

এই ঘটনায় প্রকৃত সত্য যাতে প্রকাশ্যে না আসে, সেজন্য রাজ্যের পুলিশ এবং তৃণমূল কংগ্রেসের নেতাকর্মীরা হাসপাতাল ঘিরে রেখে সংবাদমাধ্যমকে সেখানে যেতে দিচ্ছে না বলে বিজেপি অভিযোগ করেছে। দলের জাতীয় মুখপাত্র অমিত মালব্য বলেছেন, পশ্চিমবঙ্গ মহিলা ও মেয়েদের জন্য সুরক্ষিত নয়। এব্যাপারে মুখ্যমন্ত্রী  মমতা ব্যানার্জি সম্পূর্ণ ব্যর্থ। ধর্ষণ ও  শিশুদের যৌন নির্যাতন থেকে নিরাপত্তা দিতে ফাস্ট ট্র্যাক আদালতও গঠন করেনি রাজ্য সরকার। অবিলম্বে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেন তিনি।

অন্যদিকে, দোষীদের গ্রেপ্তারের দাবিতে স্থানীয় থানা এবং পুলিশ সুপারের অফিসের সামনে বিক্ষোভ দেখান স্থানীয়ারা। আগামীকাল তারা ফের পথে নামবেন বলে জানিয়েছেন।

oooooooooooooooooooo

আর জি কর কাণ্ড সহ সাম্প্রতিক কালে নানা ঘটনায় সিভিক ভলেন্টিয়ারদের কাজকর্ম নিয়ে প্রশ্ন ওঠায় এবার তাদের বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশের আওতায় থাকা সব সিভিক ভলেন্টিয়ারদের জন্যই আগামী বছর থেকে এই প্রশিক্ষণ শুরু হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। তাদের ৪৫ দিনের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে। ২০২৫ সালের জানুয়ারি মাস থেকে এই বিশেষ প্রশিক্ষণ শুরু হবে বলে জানা গেছে। বিশেষ এই প্রশিক্ষণ কর্মসূচিতে তাদের আইনশৃঙ্খলা সংক্রান্ত দায়িত্ব পালনের প্রাথমিক পাঠ দেওয়ার পাশাপাশি শৃঙ্খলা পরায়ণতাও শেখানো হবে। জরুরি পরিস্থিতিতে কী করণীয় এবং কোন কাজ করা উচিত নয় তাও শেখানো হবে । ভারতীয় ন্যায় সংহিতা ও নাগরিক সংহিতার সাধারণ ধারা গুলি সম্পর্কেও তাদের অবহিত করা হবে।

ooooooooooooooooooooo

বিশ্বভারতীর বিশ্ববিদ্যালয়ের হস্টেলে এক ছাত্রীর দেহ উদ্ধারের ঘটনায় আজ ফরেন্সিক দল হস্টেলের রুম থেকে নমুনা সংগ্রহ করেছে। আম্রপালি হস্টেলের একটি রুমে উত্তরপ্রদেশের বারাণসীর বাসিন্দা ওই ছাত্রীটি থাকতো বলে জানা গেছে। বিশ্বভারতীর শিল্প সদনে তৃতীয়বর্ষে পড়াশোনা করতো সে। পরিবারের তরফে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ উঠেছে।

oooooooooooooooooooooo

আজ গনেশ চতুর্থী। রাজ্য তথা দেশজুড়ে সমৃদ্ধি ও সৌভাগ্যের দেবতা গণেশ পূজো সাড়ম্বরে ও উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে পালিত হচ্ছে। গণেশ চতুর্থী তে

সিদ্ধিদাতা গণেশের পুজো করা হয়ে থাকে। পারিবারিক পুজোর পাশাপাশি বহু সংখ্যক বারোয়ারি গণেশ পূজো অনুষ্ঠিত হচ্ছে। শহর কলকাতার পাশাপাশি রাজ্যের জেলা গুলিতেও পালিত হচ্ছে গণেশ পুজো। মহারাষ্ট্রে দশ দিনব্যাপী গনেশ পুজো র উৎসব আজ থেকে শুরু হল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মধ্য ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরের উপর সৃষ্ট নিম্নচাপ অঞ্চলটি আরো শক্তি বাড়িয়ে নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এটি খুব ধীরে ধীরে উত্তর ও উত্তর-পশ্চিম দিকে এগোবে। এর প্রভাবে আগামী সোমবার থেকে দক্ষিণ বঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে। সোমবার ৯ই সেপ্টেম্বর দুই মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা ও ঝাড়গ্রাম জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। মঙ্গলবার দুই মেদিনীপুর, দুই চব্বিশ পরগণা, ঝাড়গ্রাম এবং বাঁকুড়া জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বুধবার ভারী বৃষ্টি হতে পারে, দুই বর্ধমান, হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম, উত্তর ২৪ পরগনা জেলায়।

সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের সতর্ক করে দিয়েছে আবহাওয়া দফতর। রবিবার সকালের মধ্যে তাদের উপকূলে ফিরে আসতে বলা হয়েছে। মঙ্গলবার পর্যন্ত উত্তর বঙ্গোপসাগরে না যাবার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা ,মেয়েদের সাব জুনিয়র জাতীয় ফুটবলের সেমিফাইনালে উঠেছে। বহরমপুর ষ্টেডিয়ামে গ্রুপ লিগে আজ শেষ ম্যাচে বাংলা ১০-০ গোলে ছত্তিশগড়কে হারিয়ে দিয়েছে। বাংলার পক্ষে অন্তরা দলুই, মৌসুমী খাতুন,মালিতা মুন্ডা হ্যাটট্রিক করেছে। আর একটি গোল করেছে সুপ্রিয়া হালদার।বাংলা টানা তিন ম্যাচে জিতে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে শেষ চারে গেল।সোমবার সেমিফাইনালে বাংলা মণিপুরের বিরুদ্ধে খেলবে। অপর সেমিফাইনালে বিহার, ঝাড়খণ্ডের মুখোমুখি হবে